

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী :

স্থান : উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, আশাশুনি, সাতক্ষীরা।
তারিখ : ১০/০৩/২০২২ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতি : জনাব মোসাঃ মোসলেমা খাতুন মিলি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।

উপস্থিত অনুপস্থিত পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

আলোচ্য সূচী :

- ১। রবি/২০২১-২২ মৌসুমের কার্যক্রম।
- ২। রাজস্ব খাতের আওতায় প্রদর্শনীর বর্তমান অবস্থা।
- ৩। জিকেবিএসপি প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৪। অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৫। আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৬। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের বর্তমান অবস্থা।

অদ্যকার সভার সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্য শেষে তিনি সভা পরিচালনার জন্য উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার আশাশুনি সাতক্ষীরাকে আহ্বান জানান।

অতঃপর উপজেলা কৃষি অফিসার ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব মহোদয় বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী ছাড়াই তা দৃষ্টিকরন করা হয়। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, রবি/২০২১-২২ মৌসুমে বিভিন্ন প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনীর বর্তমান অবস্থা ডাল।

রাজস্ব খাতের অর্থায়নে রবি/২০২১-২২ মৌসুমে বোরো ২০টি, গম ১০টি, ভুট্টা ২০টি, সরিষা ৩০ টি সর্বমোট = ৮০ টি প্রদর্শনীরসহ গ্রহণ করন/ফলোআপ কার্যক্রমণও বাস্তবায়িত হয়। যার মধ্যে গম ১০টি, সরিষা ৩০টি প্রদর্শনীর শস্য কর্তন হয়েছে। অন্যান্য প্রদর্শনী গুলির অবস্থা সন্তোষজনক।

জিকেবিএসপি প্রকল্পের আওতায় প্রদর্শনী ৬০ টি ও ব্লক প্রদর্শনী ০১ টির মধ্যে সরিষা ০৪ টি, গম ০৫টি, ভুট্টা ০৪ টি, মসুর ০৪ টি, সূর্যমুখী ০১ টি, চিনাবাদাম ০২ টি, মরিচ ০২ টি, পেঁয়াজ ০৪ টি, রসুন ০২টি, সবজি ০২ টি, তিল ০৪ টি, মুগ ০৪ টি, হলুদ ০১ টি, ঘেরের আইলে সবজি ০২ টি, জৈব কৃষি ও জৈবিক বালাই ব্যবস্থাপনা ০৩টি, কম্পোস্ট গাঁদা ০২ টি, খামারজাত সার ০২ টি, ভার্মি কম্পোস্ট ০২ টি, বোরো জাত প্রদর্শনী ০৮ টি ও বোরো ব্লক প্রদর্শনী ০১ টি। যার মধ্যে গম, সরিষা, সূর্যমুখী প্রদর্শনী কর্তন সম্পন্ন হয়েছে। অন্যান্য সকল প্রদর্শনীর অবস্থা সন্তোষজনক।

আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় রবি/২০২১-২২ মৌসুমে বোরো বীজ উৎপাদনের ০৫ টি ব্লক প্রদর্শনীর বাস্তবায়িত হয়েছে। যার বর্তমান অবস্থা সন্তোষজনক।

কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় রবি/২০২১-২২ মৌসুমে সরিষা ০৭ টি, ও খেসারী ০১ টি সর্বমোট=০৮ টি প্রদর্শনীর বাস্তবায়িত হয়। সরিষা ও খেসারী প্রদর্শনীর শস্য কর্তন সম্পন্ন হয়েছে।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় গম ১০০ জন প্রত্যেকে ২০ কেজি বীজ, ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ১০ কেজি, সরিষা ৫০০ জন প্রত্যেকে ০১ বীজ ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ১০ কেজি, ভুট্টা ১০০ জন প্রত্যেকে ০২ কেজি বীজ, ডিএপি সার ২০ কেজি, এমওপি সার ১০ কেজি, ও খেসারী ২০জন, প্রত্যেকে ০৮ কেজি বীজ, ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ১০ কেজি এবং বোরো উফনী ১৩০০ জন, প্রত্যেকে ০৫ কেজি বীজ, ডিএপি সার ১০ কেজি, এমওপি সার ১০ কেজি হারে সর্বমোট=২০২০ জন কৃষকের মাঝে সার ও বীজ বিতরণ করা হয়। যার মধ্যে গম ১০০ বিঘা, সরিষা ৫০০ বিঘা, খেসারী ২০ বিঘা সর্বমোট ৬২০ বিঘা জমির ফসল কর্তন সম্পন্ন হয়েছে।

কৃষি প্রণোদনা বীজ সহায়তা কর্মসূচীর আওতায় ২০০০ কৃষককে ০২ কেজি হারে ৪০০০ কেজি হাইব্রিড বোরো এসএল-৮ এইচ বীজ বিতরণ করা হয়েছে এবং মাঠে বাস্তবায়িত হয়েছে। যার বর্তমান অবস্থা সন্তোষজনক।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় অধিকাংশ জমি লবনাক্ত হওয়ায় কৃষকগণ গতানুগতিকভাবে চাষাবাদ করে আসছেন। এ বিষয় উত্তরনের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাগণ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এমতাবস্থায় উৎপাদন বৃদ্ধি লক্ষ্যে কৃষকদেরকে আরও গতিশীল ও বেগবান করার জন্য বিষয়ভিত্তিক কার্যকরী প্রশিক্ষণের প্রয়োজন। এ লক্ষ্যে উপজেলাতে বিদ্যমান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে।

অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলাতে এ পর্যন্ত ১০৪ টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। প্রদর্শনীর অবস্থা সন্তোষজনক।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোসাঃ মোসলেমা খাতুন (মিলি)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নং-১২.১৮.৮৭০৪.০০২.১৪.০১০.২০-১৭৭

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা।
- ৩। অফিস কপি।

তারিখ ১০/০৩/২০২২

মোঃ রাজিবুল হাসান

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

আশাশুনি, সাতক্ষীরা।